بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

১৯ আষাঢ় ১৪৩৩
০৩ জুলাই ২০২৬

# বাণী

বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল এনটিভির তেইশ বছর পূর্তি উপলক্ষ্যে আমি প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ, শিল্পী, কলাকুশলী, সংবাদকর্মী, কর্মকর্তা-কর্মচারী, দেশ-বিদেশের অগণিত দর্শক এবং সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় গণমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করা, জনসচেতনতা বৃদ্ধি, সুশাসন প্রতিষ্ঠা এবং জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে জনমত গঠনে দায়িত্বশীল ও পেশাদার গণমাধ্যমের বিকল্প নেই। বর্তমান ডিজিটাল প্রযুক্তিনির্ভর বিশ্বে বস্তুনিষ্ঠ ও নির্ভরযোগ্য সংবাদ এবং মানসম্মত ও রুচিশীল অনুষ্ঠানমালা পরিবেশনের গুরুত্ব দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

বর্তমান সরকার একটি শক্তিশালী ও দায়িত্বশীল গণমাধ্যম কাঠামো গড়ে তুলতে বদ্ধপরিকর। গণমাধ্যমের স্বাধীন ও জবাবদিহিমূলক বিকাশ এবং গণমাধ্যম কর্মীদের পেশাগত মানোন্নয়ন ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে সরকার বিভিন্ন ইতিবাচক উদ্যোগ গ্রহণ করছে। ইতোমধ্যে একটি স্বাধীন গণমাধ্যম কমিশন প্রতিষ্ঠা এবং প্রবীণ সাংবাদিকদের অবসর ভাতা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমি আশা করি, গণমাধ্যমের স্বাধীনতা ও দায়িত্বশীলতা নিশ্চিত করতে এবং গণমাধ্যম কর্মীদের পেশাগত উৎকর্ষ বৃদ্ধিতে সরকারের পাশাপাশি মালিকপক্ষসহ সংশ্লিষ্ট সকল অংশীজন নিজ নিজ অবস্থান থেকে ইতিবাচক ভূমিকা রাখবেন।

'সময়ের সাথে আগামীর পথে' এই স্লোগানকে ধারণ করে এনটিভি দীর্ঘদিন ধরে বস্তুনিষ্ঠ সংবাদ ও মানসম্মত অনুষ্ঠানমালা প্রচার করে দর্শকদের আস্থা অর্জন করেছে। আমি আশা করি, চ্যানেলটি ভবিষ্যতেও নিরপেক্ষ ও সত্যনিষ্ঠ সংবাদ পরিবেশনের পাশাপাশি দেশের সত্যিকার ইতিহাস ও ঐতিহ্যকে ধারণ এবং জনস্বার্থের প্রতি অটল অঙ্গীকারের মধ্য দিয়ে তাদের সুদৃঢ় অবস্থান অটুট রাখবে।

আমি এনটিভির উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করি।

মোঃ সাহাবুদ্দিন